# মন্ত্রণালয়/বিভাগসমুহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০৮-২০২২ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,১৩৫ | ১,৮৫০ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,১৩৫ | ১,৮৫০ | |

## ক.২ শূন্য পদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৫৩ | ২৮৭ | ১১০৯ | ৩০১ | ১,৮৫০ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০৩টি

উপপরিচালক -০৬টি

সহাকারী পরিচালক -০৩টি

সমাজসেবা অফিসার/সমমান -১৪১টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৩ | - | ২৩ | - | - | - | ২য় শ্রেণীর ২৩টি |

## ক.৫ শূন্য পদ পূরনে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরCরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬০৯.৬৫ (ছয়শত নয় কোটি পঁয়ষট্টি লক্ষ টাকা) | ২.২৩৬১৪ (দুই কোটি তেইশ লক্ষ একষট্টি হাজার চারশত টাকা) ০.৩৭% | - | ২১/০৭/২০২২ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | নাই | - |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৩০০টি<br>অগ্রীম- ২০৫টি<br>৫০৫ টি | ১২২৮৭০২১৬৬<br>৬৯২২৬০৩৭৫৯<br>৮১৫১৩০৫৯২৫<br>(আটশত পনের কোটি তের লক্ষ পাঁচ হাজার নয়শত পঁচিশ) | পূর্বের- ৫৯টি<br>বর্তমান-১৬টি<br>মোট= ৭৫ টি | ২টি<br>টাকার পরিমান<br>৮৩,০০,০৪১<br>(তিরাশি লক্ষ একচল্লিশ) | সাধারণ-২৯৮টি<br>নতুন- ২০৫টি<br>মোট= ৫০৩টি<br>টাকার পরিমান<br>১২২০৪০২১২৫ ৬৯২২৬০৩৭৫৯<br>৮১৪৩০০৫৮৮৪<br>(আটশত চৌদ্দ কোটি ত্রিশ লক্ষ পাঁচ হাজার আটশত চুরাশি) | ১। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা ২৬/১২/২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। ময়মনসিংহ বিভাগে দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য সভার তারিখ ও প্রতিনিধি মনোনয়নের জন্য ১৬টির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ১১/০৪/২০২২ তারিখের ২৮ নং পত্রের মাধ্যমে পাঠানো হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থআত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১১০ | ০৫ | ১১৫ | ০০ | ০৩ | ০১ | ০৪ | ৪ | ১১১<br>১ম শ্রেণির ৩৩ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৮ টি,<br>৪র্থ শ্রেণির ২৫ টি<br>মোট = ১১১ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জানুয়ারি হতে জুন ২০২২ সেশনে মোট প্রশিক্ষণার্থী- ৮৮২২ জন নারী প্রশিক্ষণার্থী-৩৫২৯ জন। পুরুষ প্রশিক্ষণার্থী-৫২৯৩ জন। জুলাই-ডিসেম্বর সেশনের প্রশিক্ষণার্থী ভর্তি চলমান রয়েছে। |
| ২ | বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্র ব্যবস্যা এবং হাঁস-মুরগি পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | উপজেলা সমাজসেবা কার্যালয় | ৩০,৮৯২ জন |
| ৩ | ব্রোথেলে অবস্থানরত শিশু ও যৌনকর্মীদের জীবনমান উন্নয়নে করণীয় শীর্ষক সেমিনার | ২০ জুলাই ২০২২ | সমাজসেবা অধিদপ্তর | ৫১ জন |
| ৪ | সহকারী সমাজসেবা অফিসারদের ওরিয়েন্টেশন কোর্স | ২৪-২৮ জুলাই ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩২ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক ২৬ হতে ২৮ জুলাই ২০২২ পর্যন্ত ০৩ (তিন) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার

বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৫৩ জন, ২য় শ্রেণির ২৮৭ জন, ৩য় শ্রেণির ১১০৯ জন এবং ৪র্থ শ্রেণির ৩০১ জন মোট ১ হাজার ৮৫০ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাসমূহের মধ্যে ২০২২-২৩ অর্থবছরে প্রতিবন্ধী ভাতাভোগীর সংখ্যা ৩ লক্ষ ৫৭ হাজার জন বৃদ্ধি করে মোট ২৩ লক্ষ ৬৫ হাজার জনকে মাসিক ১০০ টাকা বৃদ্ধি করে ৮৫০ টাকায় উন্নীত করা হয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২২.০৮ কোটি টাকার মধ্যে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ২১ কোটি ৩২ লক্ষ ২৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে ঋণ বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে। পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের ৪র্থ কিস্তির ২৭ লক্ষ ৫০ হাজার টাকা এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ৪র্থ কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ কার্যক্রম শুরু করা হয়েছে।

(০৩) ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/ Micro Credit Monitoring System (MCMS) সফটওয়্যারে Data এবং User Acceptance Test এর জন্য ১০টি উপজেলা নির্বাচন করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৪র্থ কিস্তি বাবদ ০১ কোটি ৯৩ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগের নিমিত্ত প্রাপ্ত অর্থ উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

(০৫) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য ০২টি উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাতৃকেন্দ্র পরিদর্শন করা হয়েছে।

(০৬) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম জোরদার করণে বরিশাল বিভাগীয় ক্ষুদ্রঋণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(০৭) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) কর্তৃক ১০.৬০ কোটি টাকার মধ্যে পুন: উপযোজনসহ সংশোধিত বাজেট ৮.৫৫ কোটি টাকা ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ চলমান রয়েছে।

(০৮) শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে অনলাইনে প্রশিক্ষণ পরিচালনার জন্য nise.dss.gov.bd সফটওয়্যার নির্মাণ করা হয়েছে। জুলাই ২২ খ্রি: ৯০ জন কর্মকর্তা/কর্মচারীকে ৩টি ব্যাচে প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT) প্রদান করা হয়েছে।

(০৯) জেলা এবং উপজেলা পর্যায়ে ৫২৮টি ইউনিটে ০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত মোট উপকারভোগীর সংখ্যা ৬৯ হাজার ১৪৭ জন। শুরু হতে জুলাই ২০২২ পর্যন্ত রোগীকল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে সর্বমোট উপকারভোগীর সংখ্যা ৪ কোটি ২৪ লক্ষ ৭৬ হাজার ৫৫৩ জন।

(১০) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ জুলাই ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৬ লক্ষ ১৩ হাজার ১৬৫ জন।

(১১) ০১-৩১ জুলাই ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৭ হাজার ৮৬৪ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৬ হাজার ৩৩৪ জন এবং ১১ হাজার ২৮৪ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(১২) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক নিরীক্ষিত “পিতা-মাতার ভরণ-পোষন বিধিমালা”, ২০২২ এর উপর

মতামত প্রদানের লক্ষে ১৩ জুলাই ২০২২ তারিখ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর:৪১.০১.০০০০.০৬৩.২২.০০৮.১৩.৩৪১ তারিখ ২ জুলাই ২০২২ যোগে সভার কার্যবিবরণী সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১৩) ২০২২-২০২৩ অর্থবছরে বেসরকারি এতিমখানার নিবাসিদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও মঞ্জুরী প্রদানের নিমিত্ত ইউসিডি/উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত তথ্য একীভূত করে (২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দপত্রের ক্রমিক অনুযায়ী) নির্ধারিত "ছক" পূরনপূর্বক ২৫ আগষ্ট ২০২০ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণের অনুরোধ জানিয়ে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০২৩.১৮.৩১৮ তারিখ ০৪ জুলাই ২০২২ তারিখ সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত নির্ধারিত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৬৬ তারিখ ০৬ জুলাই ২০২২ তারিখ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) ১৯ জুলাই তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টায় মধুমতি হল, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিতব্য 'পরিত্যাক্ত শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০২১' এর খসড়া চূড়ান্তকরণ শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৯.২১.৩২৫ তারিখ ১৩ জুলাই ২০২২ তারিখ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উদযাপন উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিস্তারিত কর্মসূচী প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৬৮ তারিখ ১৪ জুলাই ২০২২ তারিখ সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ২০২২-২০২৩ অর্থবছরে প্রতিষ্ঠান ভিত্তিক মেধাবৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত "ছক"- এ তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.৭০ তারিখ ২০ জুলাই ২০২২ তারিখ সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ১৫ আগস্ট ২০২২ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০2২ পালন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

(১০) গ. আগামী ২ মাসে (আগস্ট ২০২২, সেপ্টেম্বর ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) ২০২২-২৩ অর্থবছরে নিয়মিত ১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জনের পদ্ধতিতে ভাতা/উপবৃত্তি প্রদান করা হবে এবং প্রতিবন্ধী ভাতর বর্ধিত কোটার ৩ লক্ষ ৫৭ হাজার জনের ভাতা পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন এবং ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(০২) আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী কার্যক্রমের বরাদ্দকৃত ৪র্থ কিস্তির ৭৫ লক্ষ ৭৫ হাজার টাকা সুবিধাভোগীর মাঝে ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হবে।

(০৩) ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত সর্বমোট (আরএমসি) ২৫.০০ কোটি (পঁচিশ কোটি) টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ০৬ কোটি ২৫ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৪) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে আগস্ট ও সেপ্টেম্বর ২০২২ মাসে ০৮টি উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাতৃকেন্দ্র পরিদর্শন করা হবে।

(০৫) a2i এর সহযোগীতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়ারে ১০টি উপজেলা ও ১টি শহর সমাজসেবা কার্যালয়ে ৪টি কার্যক্রমের পরীক্ষামূলকভাবে ডাটা এন্ট্রির কাজ শুরু হবে।

(০৬) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নিবন্ধনের জন্য ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের চাহিত যাবতীয় কাগজপত্র প্রেরণের প্রেক্ষিতে জুলাই ২০২২ মাসে ০১টি কার্যালয় অনুমোদনসহ এই পর্যন্ত মোট ৪৭টি কেন্দ্র নিবন্ধিত হয়েছে। অন্য ৩৩টি কেন্দ্র আগামী ০২ মাসের মধ্যে অনুমোদন সম্পন্ন করার জন্য এনএসডিএ তে নিবিড় যোগাযোগ অব্যাহত

থাকবে।

(০৭) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ nise.dss.gov.bd সফটওয়্যারে ৮০টি কার্যালয়ের প্রশিক্ষণার্থীদের পূর্ববর্তী তথ্যাদি সফটওয়্যারে সংরক্ষণের জন্য কার্যালয়ভিত্তিক ডেটা এন্ট্রি প্রদান করা হবে এবং সেপ্টেম্বর ২০২২ হতে মাঠ পর্যায়ে অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ চালু করা পরিকল্পনা রয়েছে।

(০৮) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২২ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করার নিমিত্ত নিবাসিদের এস এস সি/২০২২ পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

ঘ. আগামী দুই মাসে (আগস্ট ২০২২, সেপ্টেম্বর ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

৪-৮-২০২২ ১৩:১৮:৪
মো: মাহাবুব আলম
অফিস সহকারী কাম কম্পউটার মুদ্রাক্ষরিক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর

৪-৮-২০২২ ১৩:২৫:৪৩
মোছা: নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আরও-২), গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর

৪-৮-২০২২ ১৩:৩১:৫৩
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর

৪-৮-২০২২ ১৫:৫:৬
সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা
সমাজসেবা অধিদফতর

৭-৮-২০২২ ১৭:৪:৫৬
মোছা: নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আরও-২), গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর

৮-৮-২০২২ ১০:১২:৫৪
সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা
সমাজসেবা অধিদফতর